তারিখ 0 6 FEB 1989
পৃষ্ঠা 8 কলাম 2

দৈনিক ইত্তেফাক বিভিন্নস্থানে শিক্ষা সপ্তাহ উদযাপন

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# বিভিন্নস্থানে শিক্ষা সপ্তাহ উদযাপন

জানুয়ারী মাসে বিভিন্ন এলাকায় শিক্ষা সপ্তাহ উদযাপন করা হয়। পরে বিজ্ঞান সপ্তাহ পালন করা হয়। এই উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণমূলক ব্যবস্থা সকল সংশ্লিষ্ট মহলকে প্রেরণা ও উৎসাহ যোগায়। খবর ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের।

**বরিশাল:** শিক্ষা সপ্তাহ উপলক্ষে বরিশাল জেলাভিত্তিক (কলেজ গ্রুপ) সাহিত্য ও সংস্কৃতি প্রতিযোগিতা সম্প্রতি সমাপ্ত হইয়াছে। সরকারী মহিলা কলেজ অধ্যক্ষ জনাব শামসুদ্দীন খান প্রতিযোগিতা উদ্বোধন করেন।

এই প্রতিযোগিতায় ১৫টি পুরস্কার পাইয়া সরকারী মহিলা কলেজ শীর্ষ স্থান দখল করে। ইহাছাড়া বিজ্ঞান সপ্তাহ উপলক্ষে বরিশাল সরকারী বি, এম, কলেজ রসায়ন ভবনে বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোহাম্মদ সাইফুদ্দিন মেলার উদ্বোধন করেন। বিভিন্ন কলেজ, বিদ্যালয় ও বিজ্ঞান ক্লাব মেলায় অংশগ্রহণ করে।

**ঝালকাঠি:** জেলা পর্যায়ের ২ দিনব্যাপী শিক্ষা সপ্তাহ স্থানীয় সরকারী বালিকা বিদ্যালয়ে অনুষ্ঠিত হইয়াছে। এই উপলক্ষে স্কুল ও কলেজ পর্যায়ে কেরাত, আবৃত্তি, রচনা, উপস্থিত বক্তৃতা ও যন্ত্রসঙ্গীতসহ বিভিন্ন সঙ্গীত প্রতিযোগিতার আয়োজন করা হয়। কলেজ পর্যায়ে ঝালকাঠি সরকারী কলেজ এবং স্কুল পর্যায়ে সরকারী বালক ও বালিকা বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা অধিকাংশ বিষয়ে কৃতিত্ব প্রদর্শন করে। সমাপণী অনুষ্ঠানে বিজয়ীদের মধ্যে জেলা প্রশাসক পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন।

এদিকে গত ১৭ই জানুয়ারী হইতে ১৯শে জানুয়ারী পর্যন্ত ঝালকাঠি সরকারী কলেজে জেলা পর্যায়ে ৩ দিনব্যাপী বিজ্ঞান সপ্তাহ শেষ হয়। এ উপলক্ষে আয়োজিত প্রদর্শনীতে মোট ১৭টি শিক্ষা প্রতিষ্ঠান ও বিজ্ঞান ক্লাবের অর্ধশতাধিক 'প্রজেক্ট' স্থান পায়। সাধারণ পর্যায়ে দুলাল বিজ্ঞান গবেষণা কেন্দ্রের 'কার্বন ল্যাম্প' এবং স্কুল পর্যায়ে আফসার মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়ের 'বায়োগ্যাস' প্রকল্প প্রথম স্থান অধিকার করে। এই অনুষ্ঠানে শিক্ষা সপ্তাহ পালন করা হইয়াছে। এই উপলক্ষে জয়পুরহাট সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ে কুটির ও কৃষির প্রদর্শনীর আয়োজন করা হয়। সমাপনী দিবসে স্থানীয় টাউন হলে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে স্থানীয় সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ জনাব ময়েজউদ্দিন ও জেলা প্রশাসক জনাব জালাল আহমেদ যথাক্রমে সভাপতি ও প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন।

**ব্রাহ্মণবাড়িয়া:** সম্প্রতি ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজে দ্বাদশ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ অনুষ্ঠিত হইয়াছে। বিজ্ঞান সপ্তাহে শিক্ষা প্রতিষ্ঠানসহ ২৫টি বিজ্ঞান ক্লাব অংশগ্রহণ করে। জেলা প্রশাসক বিজ্ঞান সপ্তাহের উদ্বোধন এবং সমাপনী দিবসে জেলা পরিষদ চেয়ারম্যান পুরস্কার বিতরণ করেন।

**খাগড়াছড়ি:** খাগড়াছড়িতে তিন দিনব্যাপী দ্বাদশ বাংলাদেশ জাতীয় বিজ্ঞান মেলা ৮৯ গত ১৭ই জানুয়ারী সমাপ্ত হইয়াছে। স্থানীয় সরকারী কলেজ প্রাঙ্গণে আয়োজিত এই মেলায় পাঁচটি শিক্ষা-প্রতিষ্ঠানের ক্ষুদে বিজ্ঞানীরা ৫৩টি বিজ্ঞান প্রকল্প প্রদর্শন করে। এই উপলক্ষে সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে সেনাবাহিনীর আঞ্চলিক অধিনায়ক কর্ণেল সৈয়দ মোহাম্মদ ইব্রাহিম ক্ষুদে বিজয়ী বিজ্ঞানীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

**বান্দরবান:** গত ১৫-ই জানুয়ারী হইতে ১৮ই জানুয়ারী পর্যন্ত বান্দরবান সরকারী কলেজে দ্বাদশ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ '৮৯ পালিত হয়। ইহাতে ৭৯টি প্রজেক্ট প্রদর্শিত হয়। সমাপনি দিনে বান্দরবান টাউন হলে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ করা হয়।

**বরগুনা:** জেলাধীন বামনা উপজেলায় শিক্ষা পক্ষ '৮৯ উদযাপন উপলক্ষে ক্রীড়া ও সাংস্কৃতি প্রতিযোগিগিতা স্থানীয় ষ্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। ক্রীড়ানুষ্ঠান কর্মসূচীর মধ্যে ছিল ২০০ মিটার ১০০ মিটার, ৫০ মিটার দৌড়, ব্যাঙের দৌড়, উচ্চ লাফ, দীর্ঘ লাফ, বল নিক্ষেপ, দড়ির লাফ, ভিতর বাহির, চেয়ারে বসা ও যেমন খুশি তেমন সাজ। অপরদিক সাংস্কৃতিক অনুষ্ঠানমালায় ছিল কোরান তেলাওয়াত, হামদ ও নাত, আবৃত্তি, নজরুল গীতি, দেশাত্মবোধক গান, জারী, রবীন্দ্র সঙ্গীত ও লোক সঙ্গীত।